

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৮.০৩৪.০০.০০.০২৩.২০১২-

তারিখঃ ২৬-০৫-২০১৩ খ্রিঃ।

অকেজো ঘোষিত আসবাবপত্র নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর মালিকানাধীন অকেজো ঘোষিত আসবাবপত্র স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর প্রাঙ্গনে যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্রদাতাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১	আসবাবপত্রসমূহ	কম্পিউটার টেবিল ১টি, টেবিল- ১৩টি, কাঠের বক্স-৩টি, রেক কাঠের ৫টি, চেয়ার (কাঠের) ২টি, স্টিলের আলমারী-১১টি এবং স্টিলের ফাইল কেবিনেট-১৬টি ক্রয়ে আগ্রহী ব্যক্তিগণ আগামী ০৬-০৬-২০১৩ তারিখ অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস প্রাঙ্গন, ঢাকা-তে সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
২	দরপত্র তফসিল প্রাপ্তির স্থান ও তারিখ	উপসচিব, প্রশাসন-২, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ভবন নং-৩, কক্ষ নং-২২০ হতে ০৬-০৬-২০১৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র তফসিল সংগ্রহ করা যাবে। সিডিউল ক্রয় ব্যক্তিতে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
৩	দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময়	উপসচিব, প্রশাসন-২, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ভবন নং-৩, কক্ষ নং-২২০ এর কার্যালয়ে নিলাম দরপত্র অংশগ্রহণকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) ০৯-০৬-২০১৩ তারিখ রবিবার বেলা ০১.০০ টা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে।
৪	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	উপসচিব, প্রশাসন-২, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ভবন নং-৩, কক্ষ নং-২২০ এর কার্যালয়ে নিলাম দরপত্র অংশগ্রহণকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) ০৯-০৬-২০১৩ তারিখ রবিবার বেলা ০২.০০ টায় খোলা হবে। উল্লেখ্য, দরপত্র খোলার তারিখে কোন দরপত্র তফসিল সরবরাহ করা হবে না।
৫	জামানতের টাকা (ফেরতযোগ্য)	দরপত্রে উল্লিখিত মূল্যের ১০% হারে জামানত হিসেবে বাংলাদেশের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৬	আয়কর	গৃহীত সর্বোচ্চ দরদাতাকে আসবাবপত্রগুলো সরবরাহ নেয়ার পূর্বে উক্ত মূল্যে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। এছাড়া উক্ত মূল্যের ৫% অগ্রীম আয়কর ও ১.৫% ভ্যাট সংশ্লিষ্ট দপ্তরে জমাদান পূর্বক তার প্রমানপত্র এ দপ্তরে দাখিল করতে হবে।
৭	সিডিউলের মূল্য	সিডিউলের মূল্য ২০০/- (দুইশত) টাকা অফেরতযোগ্য।

অন্যান্য শর্তাবলী দরপত্র তফসিলে উল্লেখ করা হয়েছে। কোন কারণ প্রদর্শন ব্যাতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(এ. কে. এম. মুশ্রফেছুর রহমান)
উপসচিব